যুগান্তর

তারিখ ... 28 MAY 2016 ..
পৃষ্ঠা ...২৪... কলাম...১ ... ......

# গোদাগাড়ীতে শিক্ষক মারধরের মামলায় একজন গ্রেফতার

**রাজশাহী ব্যুরো**

রাজশাহীর গোদাগাড়ীতে মাদ্রাসার শিক্ষককে বিবস্ত্র করে মারধরের ঘটনায় মামলা
হয়েছে থানায়। নির্যাতনের শিকার ওই শিক্ষক বৃহস্পতিবার রাতে গোদাগাড়ী থানায়
মামলা করেন। মামলায় ৯ জনকে আসামি করা হয়েছে। এদিকে রাতেই পুলিশ
মাসুদ রানা (৪৩) নামের এক আসামিকে গ্রেফতার করেছে। মাসুদ রানা পিরিজপুর
গ্রামের তাহাজুল ইসলামের ছেলে। তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো
হয়েছে। মামলার বাকি আসামিরা হল— মিরসাদ আলী, মোজাম্মেল হক, দারুল
হাসান, নেফাজ উদ্দীন, আতাউর রহমান ওরফে দুলাল, ভোলা, মনিরুল ইসলাম ও
আরিফুল ইসলাম ওরফে স্বপন। তাদের সবার বাড়ি পিরিজপুর গ্রামে।
বিদ্যুৎচালিত গভীর নলকূপের মালিকানা নিয়ে দ্বন্দ্বের জেরে বুধবার দুপুর ১২টায়
উপজেলার পিরিজপুর আলিম মাদ্রাসার গণিতের শিক্ষক হামিদ হোসাইন আজাদকে
বিবস্ত্র করে মারপিট করা হয়। এর আগে তাকে মাদ্রাসার অফিস কক্ষ থেকে
টেনেহিঁচড়ে বের করা হয় এবং মাদ্রাসা প্রাঙ্গণে নিয়ে ছাত্রছাত্রীদের সামনেই বিবস্ত্র
করে মারধর করে আসামিরা। এতে ওই শিক্ষক গুরুতর আহত হন। পরে তাকে
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।